সংবাদ প্রকাশের জের: সাংবাদিক দেবব্রত রায় দিপনকে হুমকি প্রদান

চেম্বার ডেস্ক:: সংবাদ প্রকাশের জের ধরে হুমকীর শিকার হলেন সাংবাদিক দেবব্রত রায় দিপন। বুধবার সিলেট থেকে প্রকাশিত অনলাইন নিউজপোর্টাল বাংলানিউজ টোয়েন্টিফোর এনওয়াইয়ে প্রকাশিত সংবাদের পর তিনি এই হুমকীর শিকার হন। এ ঘটনায় নিজেকে নিরাপত্তাহীন দাবি করে সিলেট কোতয়ালী থানায় বৃহস্পতিবার (১৬ সেপ্টেম্বর) তিনি একটি সাধারণ ডায়েরি করেন। ডায়েরি নং ১৬২১। হুমকীদাতার নাম মিসবাউল ইসলাম। তিনি নগরীর জল্লারপাড় রোডস্থ ফরিদ প্লাজার এইচএম কর্পোরেশেনের আইন উপদেষ্টা বলে নিজের পরিচয় ব্যক্ত করেন।

জিডিতে সাংবাদিক দেবব্রত রায় দিপন উল্লেখ করেন হুমকীদাতার নাম মিসবাউল ইসলাম কয়েছ। তিনি এয়ারপোর্ট বড়শালা এলাকার এইচএম ভবনের বাসিন্দা। এর আগে মিসবাউল ইসলামের বিরুদ্ধে তথ্য প্রমাণ সাপেক্ষ বিগত দিনে একাধিক সংবাদ উল্লেখিত পোর্টালসহ জাতীয় ও স্থানীয় প্রিন্ট মাধ্যমে প্রকাশিত হয়েছে।

সর্বশেষ বাংলানিউজ এনওয়াইয়ে বুধবার (১৫ সেপ্টেম্বর) এডভোকেট মিসবাউল ইসলামের মিথ্যাচার বিষয়ে আরো একটি সংবাদ প্রকাশিত হয়। ওই সংবাদ তৈরী করার সময় মন্তব্য জানার জন্য মিসবাউল ইসলামের সাথে ওই দিনে বিকেলে দিপনের কথা হয়। পরবর্তীতে একই দিনরাত ৯ টা ৩৫মিনিটে মিসবাউল ইসলাম মোবাইল নং ০১৭১১-৪৪১২২৩ নাম্বার থেকে দিপনের অফিসের ০১৭৬০৫৪৩৫১০নাম্বার মোবাইলে ফোন দেন । এ সময় তিনি ফোনে অশালীন ভাষায় দিপনের সাথে কথা বলেন। একই সাথে তিনি সাংবাদিক দিপনকে দেখে নেওয়ারও হুমকী প্রদান করেন। কতোপকথনের বিষয়টি মোবাইল ফোনে রেকর্ড রাখা আছে।

মিসবাউল ইসলামের হুমকী প্রদানের পর থেকে তিনি নিজেকে নিরাপত্তাহীন মনে করে বৃহস্পতিবার সিলেট কোতয়ালী থানায় একটি জিডি দায়ের করেন।